

## মাদ্রাসাছাত্রীকে ধর্ষণের পর মুখে বিষ দিয়ে হত্যার

বগুড়া প্রতিনিধি •

বগুড়ার নন্দীগ্রাম উপজেলায় এক মাদ্রাসাছাত্রীকে ধর্ষণের পর মুখে বিষ ঢেলে হত্যার অভিযোগ পাওয়া গেছে। গত শনিবার মধ্যরাতে উপজেলার খালতা-মাঝগ্রামে এই ঘটনা ঘটে। এ ঘটনায় স্থানীয় এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ।

নিহত মরিয়ম খাতুন (১১) খালতা-মাঝগ্রাম ফাজিল মাদ্রাসার ষষ্ঠ শ্রেণির ছাত্রী এবং একই গ্রামের বাসিন্দা রিকশাচালক জামেদ আলীর মেয়ে।

জামেদ আলী অভিযোগ করেন, শনিবার রাতে মরিয়ম নিজের কক্ষে শুয়ে ছিল। পাশের কক্ষে তাঁরা স্বামী-স্ত্রী দুজন ঘুমাচ্ছিলেন। রাত ১২টার দিকে মরিয়মের কক্ষ থেকে ধস্তাধস্তি ও গোঙানির শব্দ শুনে তিনি সেখানে গিয়ে দেখতে পান প্রতিবেশী যুবক ফরিদ মিয়া তাঁর মেয়েকে গলা টিপে ধরে রেখেছেন। জামেদের উপস্থিতি টের পেয়ে জানালা ভেঙে পালিয়ে যান ফরিদ। তবে পালানোর আগে ফরিদ মরিয়মের মুখে বিষ ঢেলে দিয়ে যান বলে অভিযোগ করেন জামেদ আলী।

রাতেই মরিয়মকে বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।